

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব ফারজানা ইয়াছমিন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।


সভার তারিখ ও সময়ঃ ২৬/০১/২০২৩খ্রিঃ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

অদ্য ২৬/০১/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ইয়াছমিন এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে যোগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও প্রোগ্রাম অফিসার কে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য আহ্বান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

| ক্রঃনং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|--------|--|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়। | কার্য বিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়। |
| ০২ | মাদক, বাল্যবিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ক ক্যাম্পেইন/ আলোচনাঃ | কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব কামরুন্নাহার, প্রোগ্রাম অফিসার, জামালপুর সভাকে জানান, যে বাল্যবিবাহ প্রতিরোধ ও নারী নির্যাতন প্রতিরোধ গৃহীত কাযক্রম অব্যাহত রাখার প্রতি গুরুত্ব আরোপ করা এবং উপজেলার বিভিন্ন ইউনিয়নে কিশোর ও কিশোরীরা বিভিন্ন ধরনের সামাজিক সমস্যায় পতিত হয়েছে। তাদের মধ্যে উল্লেখ যোগ্য হলো মাদক সেবক, বাল্যবিবাহ ও নারী নির্যাতন বৃদ্ধি পেয়েছে। তাই ইউনিয়নের বিভিন্ন স্থানে উপরোক্ত বিষয়ে প্রতিরোধমূলক ক্যাম্পেইন করা দরকার। আমাদের ছেলে মেয়ে ও অভিভাবকদের নিয়ে সামাজিক সচেতনতা মূলক আলোচনা সভা করার প্রয়োজনীয়তা অপরিসীম বিধায় বিষয়টি সভায় অবহিত করেন। | উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ফারজানা ইয়াছমিন)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি

জামালপুর সদর, জামালপুর।

স্মারকনং ৩২.০১.৩৯০০.০০১. ১৮.১০৪.২২- ৫১ (ক)

তারিখঃ ২৬/০১/২০২৩খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব-----সদস্য, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি, জামালপুর সদর, জামালপুর।

০৪। অফিসনথি।

(কামরুন্নাহার)

প্রোগ্রাম অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি

জামালপুর সদর, জামালপুর

পরিশিষ্ট "ক"

২৬/০১/২০২৩ খ্রিঃ তারিখের সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও পদবী

| ক্রঃ নং | সদস্যদের নাম | পদবী |
|---------|--|------------|
| ০১ | ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর | সভাপতি |
| ০২ | মোঃ সাইফুল ইসলাম খান, চেয়ারম্যান, ০১ নং কেন্দ্রিয়া ইউনিয়ন পরিষদ | সদস্য |
| ০৩ | খন্দকার মোহাম্মদ ফজলুল হক, চেয়ারম্যান, ১৫ নং রশিদপুর ইউনিয়ন পরিষদ | সদস্য |
| ০৪ | মোঃ আব্দুল জলিল, চেয়ারম্যান, ০৯ নং রানাগাছা ইউনিয়ন পরিষদ | সদস্য |
| ০৫ | কামরুন্নাহার, প্রোগ্রাম অফিসার, জামালপুর সদর, জামালপুর | সদস্য সচিব |